প্রধানমন্ত্রী বরাবরে নিসচা’র সিলেটের স্মারকলিপি প্রদান

চেম্বার ডেস্ক::
নিরাপদ সড়ক চাই (নিসচা’র) সিলেট মহানগর শাখার উদ্যোগে প্রধানমন্ত্রীর বরাবরে সিলেট কোম্পানীগঞ্জ বাদাঘাট বাইপাস সড়কটি জনস্বার্থে দ্রুত সংস্কার করে যানবাহন চলাচলের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য সিলেট জেলা প্রশাসক এম. কাজী এমদাদুল ইসলামের মাধ্যমে স্মারকলিপি প্রেরণ করেন।
মঙ্গলবার সিলেট জেলা প্রশাসক এম. কাজী এমদাদুল ইসলামের মাধ্যমে স্মারকলিপি প্রেরণ করেন।
স্মারকলিপিতে তারা উল্লেখ করেন, আমরা নিসচা’র সংগঠনের মাধ্যমে জনস্বার্থে সিলেট নগরীতে সড়ক দূর্ঘটনা রোধে জনসচেতনতা মূলক কর্মকান্ড পরিচালনা করে আসছি। সিলেট-কোম্পানীগঞ্জ ও সিলেট-বিছনাকান্দি রোডে প্রতিনিয়ত হাজার হাজার পাথরবাহী ট্রাক চলাচল করে। এই ট্রাকগুলো পাথর বুঝাই করে রাত ৮টার পর বিশৃঙ্খল ভাবে সিলেট নগরীর উপর দিয়ে চলাচল করে যার ফলে শহরে প্রচুর যানজট সৃষ্টি হয়। জনসাধারনের চলাচলের বিঘ্ন ঘটে। ইদানিং শহরে ট্রাক চলাচলের ফলে বেশ কয়েকটি দূর্ঘটনা ঘটেছে এবং প্রাণহানি হয়েছে। অনেক জনগন উত্তেজিত হয়ে বেশ কয়েকটি ট্রাকে অগ্নি সংযোগ করেছে এবং পুরো শহর জুড়ে আতংক সৃষ্টি হয়, যান চলাচল বন্ধ হয়ে যায়। এর ফলে জনসাধারনের জন্য অনেক কষ্টে পরতে হয়।
তারা বলেন, সিলেট কোম্পানীগঞ্জ বাদাঘাট সড়কটি প্রকৃত পক্ষে ভারী যানবাহন চলাচলের জন্য নির্মান করা হয়েছিল, সড়কটি বেশ কিছুদিন ধরে সংস্কারের অভাবে চলাচলের অনুপযোগী হয়ে পড়ে। যাহা যান চলাচলের উপযোগী করা হয় নাই, যদি সড়কটি দ্রুত ভারী যান চলাচলের উপযোগী করে সড়কটি চালু করা হয়, তাহলে সড়কের জন্য যানজটের অবসান ঘটবে এবং দূর্ঘটনা কমে আসবে।
তাই জনস্বার্থে সিলেট কোম্পানীগঞ্জ বাদাঘাট সড়কটি দ্রুত নির্মান কাজ সর্ম্পূণ করে ভারী যানবাহন চল্চালের উপযোগী করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য দাবি জানাচ্ছি।
স্মারকলিপি প্রদানকালে উপস্থিত ছিলেন- নিরাপদ সড়ক চাই কেন্দ্রীয় সহ সাংগঠনিক সম্পাদক জহিরুল ইসলাম মিশু, নিসচা সিলেট মহানগরের সভাপতি রোটা. এম. ইকবাল হোসেন, সাধারণ সম্পাদক আব্দুল হাদী পাবেল, সহ সাধারণ সম্পাদক আতিকুর রহমান খান মুন্না।